



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল

স্মারক নং- বশিবো/কলেজ/অনুঃ/২০১৭/৬৬৭৭

তারিখ : ১২.১০.২০১৭খ্রি.

বিষয় : কারণদর্শানো পত্র

সূত্র : ২৭.০৯.২০১৭ তারিখের অভিযোগ পত্র

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে এ বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের ০৯.১০.২০১৭ তারিখের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বেগম সামসুদ্দিন তালুকদার কলেজের অধ্যক্ষ গভর্নিং বডি'র বিদ্যোৎসাহী সদস্য মনোনয়নের জন্য তিনজন ব্যক্তির নাম প্রস্তাব করেন। তার মধ্যে ১নং ব্যক্তি সোনিয়া আক্তার-এর পেশা গৃহিনী দেখানো হয়েছে। অভিযোগকারীর বক্তব্য অনুযায়ী উক্ত ব্যক্তি কবাই ইউনিয়নের হানুয়া ৭২নং সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষিকা হিসাবে কর্মরত আছেন। যা অধ্যক্ষ তথ্য গোপন করে গভর্নিং বডি'র বিদ্যোৎসাহী সদস্য মনোনয়ন নিতে চেয়েছেন।

তথ্য গোপন করার কারণে কেন আপনার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়ার জন্য শিক্ষা মন্ত্রণালয়ে সুপারিশ করা হবে না- তার কারণ সম্পর্কে ব্যাখ্যা পত্র প্রাপ্তির ০৭(সাত) কর্মদিবসের মধ্যে সশরীরে হাজির হয়ে দাখিল করতে বলা হলো।

ড. মোঃ লিয়াকত হোসেন # ৯৫১১

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

বরিশাল

মোবাইল: ০১৭১৫৭১৪২৩৬

gmail : drliaquate@gmail.com

অধ্যক্ষ

বেগম সামসুদ্দিন তালুকদার কলেজ

ডাক : রাণীরহাট, উপজেলা : বাকেরগঞ্জ

জেলা : বরিশাল

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি

- ২। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা
- ৪। জেলা প্রশাসক, বরিশাল
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল
- ৬। সিস্টেম এ্যানালিস্ট, বশিবো
- ৭। সংরক্ষণ নথি